

ডিগ্রি ইংরেজি পরীক্ষার ৮৪ উত্তরপত্র গায়েব

● গড় নম্বর দিয়ে সমাধান

নিজস্ব বার্তা পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি পরীক্ষার ফলে জালিয়াতি ধরা পড়েছে। এক সিনিয়র কম্পিউটারে পরীক্ষার নম্বর তোলার সময় ওএমআর গায়েব করে দেন। পরে পরীক্ষার্থীদের গড় নম্বর দিয়ে ফলাফল প্রকাশ করা হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক তদন্ত এ জালিয়াতির ঘটনা উন্মোচিত হয়েছে। জালিয়াতির সঙ্গে জড়িত ওই কর্মকর্তার নাম শাহ আলম। জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

অনুদান জানা গেছে, ২০০৪ সালের ডিগ্রি পান, গায়েব : (পৃ: ১১ ক: ৮)

গায়েব : উত্তরপত্র

(১ম পৃষ্ঠার পর)

ও সার্ভিসিয়ারি পরীক্ষার ইংরেজি আবশ্যিক বিষয়ের (বিষয় কোড-১০৫) ফলাফল প্রস্তুতের সময় ৮৪টি উত্তরপত্রের ওএমআর পাওয়া যায়নি। উত্তরপত্র ছাড়াই পরীক্ষার্থীদের 'গড় নম্বর'-এর ভিত্তিতে নম্বর দেয়া হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক অনিয়মের বলি হচ্ছে সাধারণ পরীক্ষার্থীরা। অভিযোগ রয়েছে, অনেক পরীক্ষার উত্তরপত্র না পাওয়ায় 'গড় নম্বর' দেয়া হয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের ২১ জুন সইকৃত এক আদেশে বলা হয়, ডিগ্রি ও সার্ভিসিয়ারি পরীক্ষার ফলাফল প্রস্তুতের সময় একটি ডাটাবেজ ফাইলের কিছু ডাটায় সমস্যা ধরা পড়ে।

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অভিযোগে বলা হয়, ২০০৪ সালের ডিগ্রি ও সার্ভিসিয়ারি পরীক্ষায় ইংরেজি আবশ্যিক বিষয়ের ৮৪টি উত্তরপত্রের ওএমআর পাওয়া যায়নি। প্রধান পরীক্ষকের ফরওয়ার্ডিং ছাড়াই এই নম্বর হাতে লেখা কাগজে পাওয়া গেছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়।

এ ঘটনায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাব-টেকনিক্যাল অফিসার মো. শাহ আলমকে দায়িত্বভারে বরখাস্ত করা হয়। তার বিরুদ্ধে অসদাচরণ, দুর্নীতিপ্ররায়ণ ও নৈতিক মূল্য-এর অভিযোগ এনে দোষী সাব্যস্ত করে সংবিধি-৮ এর ৫ ধারায় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।